



শিক্ষা উপকরণ বিতরণ শেষে শিক্ষার্থীদের সঙ্গে ছুন্দের শিক্ষকসহ অতিথিরা

ছবি : যায়যায়দিন

## ঢাকায় শিক্ষা উপকরণ বিতরণ

আর্থিক সহযোগিতায় ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড

### জ্যোতিষ সমাচার বাবু

যায়যায়দিন ফ্রেডস ফোরামের আয়োজনে ও ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের আর্থিক সহায়তায় শিক্ষা উপকরণ দেয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়। কমিউনিটি সেন্টার আদর্শ উচ্চবিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থীর হাতে শিক্ষা উপকরণ হিসেবে বাজা ও কলম দেয়া হয়। বেশ কিছু দিন ধরে শিক্ষা উপকরণ দেয়ার জন্য প্রস্তুতি চলছিল। সিদ্ধান্ত হলো যায়যায়দিন অফিসের কাছেই কোনো একটি স্থল বেছে নেয়া হবে। সে জন্যই অফিসসংলগ্ন স্থল 'কমিউনিটি সেন্টার আদর্শ উচ্চবিদ্যালয়' বেছে নেয়া হয়। এরপর যোগাযোগ করা হয় ওই স্থলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. জহিরুল আলম মোস্তাফিজের সঙ্গে। তিনি তার সহকারী শিক্ষকদের দায়িত্ব দেন গরিব অথচ মেধাবী শিক্ষার্থীদের বেছে নিয়ে ডালিকা তৈরির জন্য। শিক্ষার্থীদের মধ্যে থেকে বেছে বেছে ডালিকা তৈরি করা হয়, যার মধ্যে তৃতীয় থেকে দশম শ্রেণির শতাধিক ছাত্রছাত্রী রয়েছে। এদের

ডালিকা তৈরি করতে সহায়তা করেন ছুন্দের শিক্ষকরা। এরপর শিক্ষা উপকরণ বিতরণের দিন ঠিক করা হয়। দিনটি ছিল বুধবার, ২১ আগস্ট। শরতের আবহাওয়া থাকলেও সকাল থেকে প্রচুর বৃষ্টি। কিন্তু বৃষ্টি তেমন বাদ সাধতে পারেনি। শিক্ষা উপকরণ বিতরণের সময় ছিল সকাল ১০টা। তাপিকাত্তর শিক্ষার্থীরা ২০৫ নাম্বার রুমে জমায়েত হয়। সেখানে ১০টায় অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. জহিরুল আলম মোস্তাফিজ। অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন সহকারী প্রধান শিক্ষক বশির আহমেদ মজুমদার, শিক্ষক প্রতিনিধি সিনিয়র শিক্ষক মো. শাহাদাৎ হুসেন সরকার, রেহানা হোসাইনী, যায়যায়দিনের ম্যানেজার প্রশাসন সুকুমার মল্লিক ও ফ্রেডস ফোরামের বিভাগীয় সম্পাদক জ্যোতিষ সমাচার বাবু। আলোচনা পর্বে বক্তারা বলেন, দৈনিক যায়যায়দিনের লেখক-পাঠক-শতাব্দী

সংগঠন যায়যায়দিন ফ্রেডস ফোরামের শিক্ষা উপকরণ বিতরণ কর্মসূচি সমাজসেবার একটি অংশ। এ ধরনের কর্মসূচি ভবিষ্যতেও অব্যাহত রাখার জন্য আহ্বান জানান তারা। এরপর শিক্ষার্থীদের হাতে বাজা ও কলম তুলে দেয়া হয়। প্রথম পর্বে ছাত্রীদের এবং দ্বিতীয় পর্বে ছাত্রদের হাতে শিক্ষা উপকরণ তুলে দেয়া। ছাত্রীদের মধ্যে যারা রয়েছে তারা হলো মণি মুক্তা, মামিযুনে নেছা, হালিমা আক্তার, পরিফা আক্তার, সুবর্ণা আক্তার, উম্মে হাবিবা, নুজরাতুল সাব্বী, ফাহিমা আক্তার, দুলালী আক্তার, সুমি আক্তার, কলি রানী সরকার, তাসলিমা বেগম, বিবি আমেদা, জাহ্নাভুল, ফাহিমদা আক্তার, বৃষ্টি আক্তার, হ্যাপি আক্তার, রত্না আক্তার প্রমুখ। সব শেষে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপনী টানেন। আগামী পর্বে ছাত্রদের শিক্ষা উপকরণ বিতরণবিষয়ক রিপোর্ট থাকবে।

বিভাগীয় সম্পাদক  
যায়যায়দিন ফ্রেডস ফোরাম